



Rf: স্বাক্ষর নং পূর্মি/পূর্মি/২৮

Date: ২৮.০৮.১৯

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ২৭ আগস্ট মঙ্গলবার কতিপয় অনলাইন নিউজপোর্টাল ও আজ বুধবার (২৮-৮-১৯) কয়েকটি সংবাদপত্রে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের দুইজন সিনিয়র শিক্ষককে নিয়ে মনগড়া, কাপ্তানিক, বানোয়াট, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণীত সংবাদ প্রকাশিত হয়েছে। যা আমাদের নজরে এসেছে। ব্যবসায় প্রশাসন বিভাগ সংবাদটি প্রত্যাখান করছে কারণ এতে সত্যতার লেশমাত্র নেই। যে কক্ষ নিয়ে অভিযোগ করা হয়েছে সেই কক্ষটি প্রথমত: বিভাগ কর্তৃক নির্মিত নয়, দ্বিতীয়ত: কক্ষটির যথাযথ ব্যবহারের জন্য পবিত্র নামাজ আদায় করা হতো এবং কখনো কখনো ক্রান্তিজনিত কারণে বিশ্রাম নেয়া হত। প্রকৃত সত্য না জেনে নামাজের মতো মহৎ ইবাদতের কাজ যেখানে হয় সেই কক্ষকে নোংরা জায়গা বলে অভিহিত করে সংবাদ প্রচার করার পিছনে কুরচিপূর্ণ ও হীন উদ্দেশ্য প্রণোদিত হয়ে উঠেছে বলে আমাদের কাছে প্রতীয়মান হয়। সংবাদে বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষককে হেয় করার পাশাপাশি পুরো বিশ্ববিদ্যালয় তথা বিভাগের মান ক্ষুণ্ণ করা হয়েছে। এটি সর্বজনবিদিত এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান, শিক্ষকদের দক্ষতা ও নৈতিকতার জায়গায় ব্যবসায় প্রশাসন বিভাগ উচ্চশিখরে আসীন। উক্ত শিক্ষকদ্বয়ও নীতি নৈতিকতা ও পিতৃভূসুলভ আচরনে শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ সর্বত্র সর্বজনের কাছে শ্রদ্ধেয়। এই বিশ্ববিদ্যালয় মাত্র একটি একাডেমিক ভবনে শিক্ষাকার্যক্রম পরিচালনা করে। এখানে সার্বক্ষনিক শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা ও কর্মচারীদের পদচারণায় মুখর থাকে। এই পবিত্র শিক্ষাঙ্গনে যৌন হয়রানির মতো নোংরা অভিযোগ তোলার পিছনে আমরা মনে করি নোংরা শিক্ষক রাজনীতি ও বিশ্ববিদ্যালয় বিরোধী একটি কুচক্রি মহল তাদের স্বার্থ চরিতার্থ করার জন্য কোমলমতি শিক্ষার্থীদের নিয়ে বিশৃঙ্খল পরিস্থিতি তৈরী করেছে। আমরা এর নিন্দা ও তীব্র প্রতিবাদ জানাই।

আমরা মনে করি এই সংবাদ প্রকাশের পূর্বে অবশ্যই সম্মানিত সাংবাদিকদের যথাযথ তদন্ত করে নিরপেক্ষ বস্তুনিষ্ঠ মানসিকতার মনোভাব নিয়ে তথ্য সংগ্রহ করা উচিত ছিল। যা আমরা দেখতে পারি নাই। এখানে গণমাধ্যমের দায়িত্বশীল আচরনের অভাব দেখেছি আমরা। আমরা আশাকরি গণমাধ্যম তার যথাযথ দায়িত্বশীল বস্তুনিষ্ঠতার পেশাগত দায়িত্বের জায়গা থেকে এই প্রতিবাদ প্রকাশ করবে। ব্যবসায় প্রশাসন বিভাগের আজকের একাডেমিক কমিটির সভায় সম্মিলিতভাবে বিভাগের সকল শিক্ষক এ সংবাদের প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছে।

ক্রমিক নং	শিক্ষকদের নাম	স্বাক্ষরিত
০১	প্রফেসর ড. মোঃ মুশফিকুর রহমান, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০২	ড. মোঃ কামরুজ্জামান, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৩	মোহাম্মদ আবু সুফিয়ান, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৪	ড. মোঃ হাসিবুর রহমান, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৫	ড. মোঃ আব্দুল্লাহ আল-মামুন, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৬	ড. মোঃ রেদওয়ানুজ্জামান, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৭	মোঃ আসফাকুর রহমান, সহকারী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৮	রেবেকা সুলতানা রেখা, সহকারী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
০৯	মাসুদ রানা, সহকারী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	
১০	মোঃ কামাল হোসেন, সহকারী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ।	

ড. মোঃ আমিরুল ইসলাম  
চেয়ারম্যান  
ব্যবসায় প্রশাসন বিভাগ  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।